# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬১০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫০. রাসূলুল্লাহ (ﷺ) এর হাদীসের ব্যাখ্যা করা

بَابُ تَأْوِيلِ حَدِيثِ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

أَخْبَرَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ ابْنِ مَسْعُودٍ أَنَّهُ قَالَ إِذَا حُدِّثْتُمْ بِالْحَدِيثِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَظُنُّوا بِهِ الَّذِي هُوَ أَهْيَأُ وَالَّذِي هُوَ أَهْدَى وَالَّذِي هُوَ أَتْقَى

رجاله ثقات غير أنه منقطع عون بن عبد الله لم يدرك ابن مسعود

## বাংলা

৬১০. আউন ইবনু আব্দুল্লাহ রাহি. হতে বর্ণিত, আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: তোমরা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনা করবে, তখন তোমরা তাঁর সম্পর্কে মনে (এ ধারণা) রাখবে যে, তিনি হলেন সবচেয়ে সুন্দর, সর্বাধিক সঠিক পথ প্রদর্শনকারী এবং সর্বাধিক আল্লাহভীরু।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবীগণ নির্ভরযোগ্য, তবে এতে ইনকিতা’ বা বিচ্ছিন্নতা রয়েছে। আউন ইবনু আব্দুল্লাহ ইবনু মাসউদের সাক্ষাত পাননি।... বুসীরী ‘মিসবাহুয যুজাজাহ’ ১/৪৭ তেও এ কথাই বলেছেন।... আমরা বলছি: একে সমর্থনকারী হিসেবে পরবর্তী হাদীসটি দেখুন, ফলে সেটি একে সহীহ পর্যায়ে উন্নীত করে।

তাখরীজ: আহমদ ১/৩৮৫, ৪১৫; ইবনু মাজাহ মুকাদ্দমা ১৯; আবী ইয়ালা মাউসিলী, আল মুসনাদ নং ৫২৫৯ সেখানে আমাদের তাহক্বীক্বে পূর্ণাঙ্গ তাখরীজ দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আউন ইবনু আব্দুল্লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন